হিজবুল্লাহর আধুনিক ড্রোন হামলায় বিপাকে ইসরায়েলি বাহিনী



হিজবুল্লাহর আধুনিক ড্রোন। ছবি: সংগৃহীত

হিজবুল্লাহর আধুনিক ড্রোন হামলা ইসরায়েলি সেনাবাহিনীর জন্য বড় ধরনের চ্যালেঞ্জ হয়ে উঠছে। সামরিক বিশ্লেষকদের মতে, এসব ড্রোনের আঘাতে মাঠপর্যায়ে চাপের মুখে পড়ছে ইসরায়েলি বাহিনী।

মঙ্গলবার (২১ এপ্রিল) প্রকাশিত এক প্রতিবেদনে জানানো হয়, হিব্রু দৈনিক 'মারিভ'-এ ইসরায়েলি বিশ্লেষক আভি আশকেনাজি উল্লেখ করেছেন, দক্ষিণ লেবাননের পরিস্থিতি ক্রমেই জটিল হয়ে উঠছে। সেখানে হিজবুল্লাহর ড্রোন হামলা নতুন ধরনের সংকট তৈরি করছে।

তার মতে, উন্নত প্রযুক্তিতে পরিচালিত এসব ড্রোন সহজে শনাক্ত বা প্রতিহত করা যাচ্ছে না। ফলে ইসরায়েলি সেনাদের জন্য এটি বাড়তি উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। তিনি আরও বলেন, পুরোনো কৌশলকে আধুনিকভাবে রূপ দিয়ে হিজবুল্লাহ যুদ্ধক্ষেত্রে নতুন মাত্রা যোগ করেছে।

প্রতিবেদনে বলা হয়েছে, শুধু লেবানন নয়—সিরিয়া ও গাজার বিভিন্ন এলাকাতেও এসব ড্রোন ব্যবহৃত হচ্ছে। গোয়েন্দা নজরদারি থেকে সরাসরি হামলা—দুই ক্ষেত্রেই এ প্রযুক্তি কাজে লাগানো হচ্ছে।

এছাড়া বিস্ফোরক বহনে সক্ষম ছোট আকারের ড্রোনসহ নানা ধরনের আক্রমণাত্মক ড্রোন ব্যবহারের কথাও উঠে এসেছে। বিশ্লেষকদের মতে, এই পরিস্থিতি মোকাবিলায় ইসরায়েলকে দ্রুত কার্যকর প্রতিরক্ষা কৌশল গ্রহণ করতে হবে।